BENGALI

NHS
Blood and Transplant

আমরা কি আপনার ওপর নির্ভর করতে পারি ?

দক্ষিণ এশিয়ান সম্প্রদায়গুলির জন্য অঙ্গ দান (অর্গান ডোনেশন) করা সংক্রান্ত তথ্য

www.organdonation.nhs.uk/southasiancampaign

0300 123 23 23

আমরা আপনার ওপর নির্ভর করছি কেন !

হ্যালো, আমি নিনা ওয়াদিয়া। আমার হাসির ভূমিকাগুলির জন্য আমাকে সকলে ভাল জানে, কিন্তু এখানে আমি এমন একটা জিনিষ সম্বন্ধে আপনাকে জানাতে চাই যেটা হাসির ব্যাপার নয় - অঙ্গ দান করা।

আপনি হয়ত ভাবেননি যে অঙ্গ দান করা এমন একটা কিছু যার প্রভাব আপনার ওপর পড়বে। কিন্তু জনসংখ্যার অন্যদের তুলনায়, এশিয়ান হিসাবে আমাদের তিনগুণ বেশী কিড্‌নী ট্র্যান্সপ্ল্যান্ট (একজনের দেহ থেকে নিয়ে অন্য একজনের দেহে সংযোজিত) করার দরকার হওয়ার সম্ভাবনা রয়েছে। এর কারণ হচ্ছে যে আমাদের, ডায়াবিটীজ্ (বহুমূত্র), কিড্‌নীর (মূত্রগ্রন্থীর) এবং হার্টের (হৃৎপিন্ডের) অসুখ হওয়ার সম্ভাবনা অনেক বেশী এবং এর ফলে অসুস্থ অঙ্গের কাজ করা বন্ধ হয়ে যেতে পারে।

এটাই যে সব তা নয়। যিনি পাবেন, তার সাথে দান করা অঙ্গগুলি ভালভাবে মিলিয়ে দেখতে হয়, যাতে রক্ত এবং টিশুর শ্রেণীগুলি একসাথে থাকতে পারে। কিন্তু, এশিয়ান সম্প্রদায়গুলির থেকে দাতার অত্যন্ত অভাব রয়েছে।

এর মানে হচ্ছে যে, একটা কিড্‌নী ট্র্যাসপ্ল্যান্টের জন্য, শ্বেতকায় লোকদের তুলনায়, এশিয়ান লোকদের গড়পড়তা দ্বিগুণ সময় অপেক্ষা করতে হয়।

ঠিক এই সময়ে, ইউনাইটেড কিংডম-এ, 1,492-এরও বেশী সংখ্যক এশিয়ান লোক ট্র্যান্সপ্ল্যান্টের জন্য অপেক্ষা করছেন। এর মধ্যে কিছু শিশুও আছে। এদের মধ্যে কিছু লোকের, অপেক্ষা করতে করতেই মৃত্যু হবে - এবং এটা হাসির কথা নয়।

নিনা ওয়াদিয়া, কমেডিয়ান

আপনি কিভাবে একজন প্রাণ-রক্ষাকারী হতে পারেন

এন্এইচ্এস্ অর্গান ডোনার রেজিস্টারে যোগদান করে, আপনি প্রাণ উপহার দিতে পারেন এবং আপনার সম্প্রদায়কে সাহায্য করতে পারেন। যারা তাদের মৃত্যুর পরে দান করতে উচ্ছুক, এই রেজিস্টারটি হচ্ছে তাদের নামের ন্যাশনাল ডেটাবেজ্ (রাষ্ট্রীয় তথ্যের সংকলন)।

আপনার এই রেজিস্টারে যোগদান করার মানে হচ্ছে যে, আপনার মৃত্যু হলে, আপনার কিড্নী, হার্ট অথবা লিভারের (যকৃতের) মত অঙ্গগুলি, অন্য একজনকে বেঁচে থাকতে সাহায্য করার জন্য ব্যবহার করা যেতে পারে।

যেহেতু এশিয়ান লোকদের মধ্যে অঙ্গ প্রত্যঙ্গের কাজ বন্ধ হয়ে যাওয়ার সংখ্যা ক্রমশঃই স্থিরভাবে বেড়ে চলেছে, সেইজন্য, আগের চাইতে এখন আরও অনেক বেশী লোকের অঙ্গ দান করতে রাজী হওয়া দরকার।

একটি বেশী ঝুঁকি সম্পন্ন সম্প্রদায় হিসাবে আমাদের এখনই এটা করা দরকার।

আপনার অঙ্গ দান করার ইচ্ছা সম্বন্ধে আপনার পরিবারের সাথে আলোচনা করুন এবং দয়া করে আজই এন্এইচ্এস্ অর্গান ডোনার রেজিস্টারে যোগদান করুন।

একজন প্রাণ-রক্ষাকারী হওয়ার জন্য আপনাকে কি আমরা হিসাবে ধরতে পারি ?

আসিফ খান, অভিনেতা

একজনকে একটা ভবিষ্যৎ দান করে যান

আপনার মৃত্যুর পর আপনি অন্য একজনকে প্রাণ দান করতে চান কিনা, সেটা হচ্ছে একটা অত্যন্ত ব্যক্তিগত বিষয় এবং সকলের পক্ষে এই সিদ্ধান্ত নিজে নেওয়াটা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

আপনি যদি ইতিমধ্যেই সবসময় একটা ডোনার কার্ড সঙ্গেও রাখেন, তাহলেও আপনার ইচ্ছাগুলিকে রেকর্ড করে রাখা নিশ্চিত করার উদ্দেশ্যে, আপনার এন্‌এইচ্‌এস্‌ অর্গান ডোনার রেজিস্টারে যোগদান করা উচিত। আপনার সবচেয়ে ঘনিষ্ঠ লোকদের সাথে আপনার সিদ্ধান্ত সম্বন্ধে আলোচনা করবেন, যাতে যদি কখনও সেইরকম সময় আসে, তখন আপনার ইচ্ছার কথা তাদের জানা থাকবে।

এই রেজিস্টারে যোগদান করে আপনি অনুমতি দিচ্ছেন যে আপনার অঙ্গ ও টিশু ট্র্যান্সপ্ল্যান্টের জন্য ব্যবহার করে অন্য একজনের প্রাণ রক্ষা বা তার জীবনের উন্নতি করা হবে।

এই রেজিস্টারে আপনার নাম যোগ করতে আপনার অল্প কয়েক মিনিট সময় লাগবে। কিন্তু এতে অন্য একজনের প্রাণ বাঁচানো যেতে পারে।

রেজিস্টারে কিভাবে যোগ দিতে হয়

- **www.organdonation.nhs.uk/register ঠিকানায় অন্‌-লাইনে নাম লেখান**
- **0300 123 23 23 নম্বরে অর্গান ডোনার লাইনে টেলিফোন করুন।**

অঙ্গ দান করা কাকে বলে ?

যার একটা ট্র্যান্সপ্ল্যান্ট দরকার তাকে সাহায্য করার উদ্দেশ্যে একটা অঙ্গ উপহার দেওয়াকে অঙ্গ দান করা বলে। প্রতি বছর, অঙ্গদাতাদের বদান্যতার জন্য বহু শত লোকের প্রাণ বাঁচানো সম্ভব হয়।

একজন দাতা কয়েকজন লোকের প্রাণ বাঁচাতে পারেন এবং দু'জনের দৃষ্টিশক্তি ফিরিয়ে দিতে পারেন।

মৃত্যুর পরে যে অঙ্গগুলি দান করা যায় তার মধ্যে আছে হার্ট, লাংস (ফুস্‌ফুস্‌), কিডনী, লিভার, প্যানক্রীয়াজ্‌ (অগ্ন্যাশয়) এবং ছোট বাওয়েল (অন্ত্র)। গায়ের চামড়া, হাড়, হার্টের ভাল্‌ভ এবং কর্নিয়ার (চোখের ওপরের স্বচ্ছ আচ্ছাদনের) মত টিশুগুলিও অন্যদের সাহায্য করার জন্য ব্যবহার করা যেতে পারে।

দাতা হওয়ার তুলনায়, আপনার ট্র্যান্সপ্ল্যান্টের দরকার হওয়ার সম্ভাবনা বেশী। কারণ, যেহেতু দাতার মৃত্যুর পরে খুব অল্প সময়ের মধ্যেই অঙ্গগুলিকে ট্র্যান্সপ্ল্যান্ট করতে হয়, সেইজন্য শুধুমাত্র হাসপাতালে মৃত্যু হওয়া লোকদের পক্ষে এগুলি দান করা সম্ভব।

দান করা বেশীরভাগ অঙ্গই এমন লোকদের থেকে আসে, যাদের গুরুতর রকমের ব্রেইনের (মগজের) আঘাতের ফলে মৃত্যু হয়েছে এবং যাদের ইন্টেন্সিভ্‌ কেয়ার ইউনিটে ভেন্টিলেটারে রেখে চিকিৎসা করা হয়েছে। ব্রেইনের আঘাত, ব্রেইন স্টেম-এর (মগজের মূলের) প্রাণরক্ষক কেন্দ্রগুলির ক্ষতি করে, যা বেঁচে থাকার জন্য অত্যাবশ্যক। এই কেন্দ্রগুলি বিনষ্ট হয়ে গেলে কারুর বেঁচে থাকা সম্ভব নয়।

প্রাণ বাঁচানোর জন্য যা যা করা সম্ভব তা করতে ডাক্তার ও নার্সরা বদ্ধপরিকর। প্রাণ বাঁচানোর সবরকম চেষ্টাই অসফল হলে এবং একটি নিরপেক্ষ ডাক্তারদের টীম মৃত্যু হয়েছে বলে সার্টিফিকেট দিলে, শুধুমাত্র তবেই ট্র্যান্সপ্ল্যান্ট করার কথা বিবেচনা করা হবে।

এই সিদ্ধান্ত নেওয়া আপনার ওপর

অনেকে মনে করেন যে তাদের ধর্মে অঙ্গ দান করা নিষিদ্ধ করা হয়েছে। কিন্তু ইউনাইটেড কিংডম-এর সব প্রধান ধর্ম ও বিশ্বাসগুলিতেই অঙ্গ দান করা ও ট্র্যান্সপ্ল্যান্ট করাকে সমর্থন করা হয়। প্রতিটি ধর্মের মধ্যেই বিভিন্ন রকমের চিন্তাধারা রয়েছে, যার মানে হচ্ছে যে মতামতের হয়ত তফাৎ হতে পারে। কিন্তু সব প্রধান ধর্মেই, অঙ্গ দান করার সিদ্ধান্তটা ব্যক্তিবিশেষের ওপর ছেড়ে দেওয়া হয়েছে।

মারিয়ার গল্প

"মারিয়ার বয়স যখন আট বছর, তখন তার দু'টি কিড্নীরই কাজ করা বন্ধ হয়ে যায়। যে অল্পবয়সী মহিলা ডাক্তারটি মারিয়াকে আবার একটা ভবিষ্যৎ দিয়েছেন, তার প্রতি আমাদের কৃতজ্ঞতা বলে বোঝানো যায় না।"
মিঃ রশিদ, রদারহাম-এর মারিয়ার বাবা।

দল্জিত-এর গল্প

"কিড্নী কাজ না করায়, দশ বছর আমার জীবন এক জায়গায় থেমে গিয়েছিল। এখন, আমি যেরকম ভাল বোধ করছি, আগে আমি কখনও এত ভাল বোধ করিনি এবং এটা সম্ভব করার জন্য আমি সেই দাতা ও তার পরিবারের প্রতি অত্যন্ত কৃতজ্ঞ।"
মিড্লসেক্স-এর দল্জিত তুর।

মামুদ -এর গল্প

"32 বছর বয়সে আমার স্ত্রীর মৃত্যু হয়েছে। যেহেতু আমরা আগে থেকেই অঙ্গ দান করার কথা আলোচনা করেছিলাম, সেইজন্য, দান করা হবে কিনা তা ঠিক করার ব্যাপারে আমার নতুন করে আরও দুঃখ পেতে হয়নি।

তার নিঃস্বার্থ দয়ার জন্য, তার অঙ্গের থেকে, একটি ছোট ছেলে সমেত চারজন লোকের উপকার হয়েছে।"
লীড্স-এর মামুদ নওয়াজ।

আরও তথ্য

এই প্রচারপত্রটির (লিফলেটের) অন্য অনুবাদগুলি আমাদের ওয়েবসাইটে পাওয়া যাবে এবং সেগুলি হচ্ছে: ইংরেজী, গুজরাটী, হিন্দি, পাঞ্জাবী এবং উর্দু ভাষায়।

অঙ্গ দান করার বিষয়ে ধর্মের দৃষ্টিভঙ্গি সংক্রান্ত আমাদের প্রচারপত্রটি দেখবেন। এটা আমাদের ওয়েবসাইট থেকে বা অর্গান ডোনার লাইনের কাছ থেকে পাওয়া যাবে।

অঙ্গ দান করার বিষয়ে আরও তথ্যের জন্য অথবা এন্এইচ্এস্ অর্গান ডোনার রেজিস্টারে যোগদান করার জন্য:
0300 123 23 23
নম্বরে অর্গান ডোনার লাইনে টেলিফোন করবেন অথবা
www.organdonation.nhs.uk/ southasiancampaign
ঠিকানায় অন্-লাইনে দেখবেন

এই তথ্যের প্রচারপত্রটি ইউকে ট্র্যান্সপ্ল্যান্ট কতৃক NHSBT © 2009
ইউকে ট্র্যান্সপ্ল্যান্ট হচ্ছে এন্এইচ্এস্ ব্লাড এ্যান্ড ট্র্যান্সপ্ল্যান্ট-এর অংশ।